ঢাকা-শিলিগুড়ি রুটে ট্রেন চালু ২৬ মার্চ থেকে

চেম্বার ডেস্ক:: আগামী বছরের ২৬ মার্চ ঢাকা থেকে ভারতের শিলিগুড়িতে নতুন যাত্রীবাহী ট্রেন চালু হবে বলে জানিয়েছেন রেলমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন।

সোমবার (৭ ডিসেম্বর) রেল ভবনের দফতরে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামী সাক্ষাৎ করতে এলে রেলমন্ত্রী এ কথা বলেন। রেল মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, আগামী ১৭ ডিসেম্বর বাংলাদেশ এবং ভারতের প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশের চিলাহাটি এবং ভারতের হলদিবাড়ি অংশের মধ্যে নতুন রেল যোগাযোগ উদ্বোধন করবেন। এ বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

আরও বলা হয়, উদ্বোধন উপলক্ষে একটি খালি ওয়াগন চিলাহাটি থেকে হলদিবাড়ি যাবে। পরবর্তী সময়ে মালবাহী ট্রেন এ রুটে চালানো হবে। রেলমন্ত্রী ঢাকা-শিলিগুড়ি রুটে নতুন ট্রেন চালানোর পরিকল্পনা বাস্তবায়নের জন্য হাইকমিশনারকে অনুরোধ জানান।

এছাড়া বাংলাদেশে ভারতীয় অর্থায়নের যে সব প্রকল্প চলমান ও আগামীতে কাজ হবে সেগুলো বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে খুলনা-মোংলা রেললাইন, ঈশ্বরদীতে আইসিডি নির্মাণ, বগুড়া-সিরাজগঞ্জ নতুন রেলপথ নির্মাণ, যশোর থেকে সাতক্ষীরা পর্যন্ত নতুন রেলপথ নির্মাণ, সৈয়দপুরে একটি আধুনিক কারখানা প্রতিষ্ঠার বিষয় আলোচনায় উঠে আসে। এর পাশাপাশি সিরাজগঞ্জে একটি অভ্যন্তরীণ কনটেইনার ডিপো (আইসিডি) নির্মাণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়।

রেলমন্ত্রী জানান, ২০২২ সালের শেষ দিকে ঢাকা থেকে কক্সবাজার রুটে নতুন ট্রেন চলবে। ডাবল লাইন ছাড়া রেলপথের উন্নয়ন ঘটানো সম্ভব নয়। সারাদেশের গুরুত্বপূর্ণ লাইনগুলোকে ডাবল লাইনে উন্নত করার প্রক্রিয়া নেয়া হয়েছে।

এ সময় রেল মন্ত্রণালয়ের সচিব মো. সেলিম রেজা, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক মো. শামসুজ্জামান উপস্থিত ছিলেন।